

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তি বিভাগ  
বিদ্যুৎ উইং

নং-২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৯৭.১৭-২৪১

তারিখঃ ২১ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ  
০৫ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন রুরাল পাওয়ার কোম্পানি লিঃ (আরপিসিএল) কর্তৃক প্রস্তাবিত “মোল্লাহাট ১০০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন”-শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) শামীমা নাগিস এর সভাপতিত্বে গত ৩০/১০/২০১৭ তারিখে বিদ্যুৎ-বিভাগের আওতাধীন রুরাল পাওয়ার কোম্পানি লিঃ (আরপিসিএল) কর্তৃক প্রস্তাবিত “মোল্লাহাট ১০০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন”-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট অধিশাখা-১৫)।
- ৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
- ৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১১। ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিঃ (আরপিসিএল), বাড়ী নং-১৯, রোড-১/বি, সেক্টর-৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

**অবগতির জন্য অনুলিপিঃ**

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা কমিশন

শিল্প ও শক্তি বিভাগ

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন রুরাল পাওয়ার কোম্পানি লিঃ (আরপিসিএল) কর্তৃক প্রস্তাবিত “মোল্লাহাট ১০০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন”-শীর্ষক প্রকল্পের ওপর ৩০/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) শামীমা নাগিস এর সভাপতিত্বে ৩০/১০/২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন রুরাল পাওয়ার কোম্পানি লিঃ (আরপিসিএল) কর্তৃক প্রস্তাবিত “মোল্লাহাট ১০০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন”-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-“ক” তে সন্নিবেশিত। সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং অর্থ বিভাগের কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন না।

২। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতেই সভাপতি মহোদয় বিদ্যুৎকে অর্থনীতির এক গুরুত্বপূর্ণ চালিকা শক্তি হিসেবে অভিহিত করেন। তিনি বিদ্যুৎ উৎপাদনে সরকারের অগ্রাধিকার ও বহুমুখী পদক্ষেপের কথা গুরুত্বের সাথে তুলে ধরেন। সেই সাথে তিনি দেশীয় সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণে বিদ্যুৎ উৎপাদন, সংকালন, বিতরণ ব্যয়ের ক্ষেত্রে এমনকি ব্যবহারের ক্ষেত্রেও সকলকে যত্নশীল হবার পরামর্শ দেন। অতঃপর সভাপতির আহ্বানে বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট সম্পর্কে সভায় পাওয়ার পয়েন্ট প্রজেক্টেশন উপস্থাপন করা হয়। পাওয়ারপয়েন্ট উপস্থাপনকালে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান উল্লেখ করেন যে, দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ একটি প্রধান পূর্বশর্ত। সরকার বিদ্যুৎ খাতের উন্নয়নকে অগ্রাধিকার দিয়েছে এবং পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ প্রণয়ন করেছে। বর্তমান সরকার বিদ্যুৎ উৎপাদনে গ্যাসের উপর অধিক মাত্রায় নির্ভরশীলতা কমিয়ে কয়লা, তেল ও পারমানবিক শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানী হতে পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদনের জন্য সমন্বয়যোগ্য পদক্ষেপ গ্রহণ করছে।

বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি আরো বলেন যে, সরকারের মধ্য ও দীর্ঘমেয়াদী বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির পরিকল্পনার অংশ হিসাবে রুরাল পাওয়ার কোম্পানী লিঃ (আরপিসিএল) এর জন্য বিভিন্ন ধরনের জ্বালানীভিত্তিক সর্বমোট ২৭৩০ মেঃওঃ ক্ষমতার নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যা ২০৩০ সালের মধ্যে বাস্তবায়ন করতে হবে। উক্ত লক্ষ্যমাত্রার মধ্যে ২০০ মেঃওঃ ক্ষমতার সৌর বিদ্যুৎ কেন্দ্র অন্তর্ভুক্ত আছে। সরকার কর্তৃক নির্ধারিত বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে আরপিসিএল বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলায় ২টি পর্যায়ের (১ম পর্যায়ের ১০০ মেঃওঃ ২০১৯ সালের মধ্যে এবং দ্বিতীয় পর্যায়ের ১০০ মেঃওঃ ২০২০ সালের মধ্যে) ২০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করেছে। উক্ত প্রকল্প বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নীতিগত সম্মতি রয়েছে। উক্ত বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের জন্য প্রয়োজনীয় ভূমির উপরে সোলার প্যানেল স্থাপন করে বিদ্যুৎ উৎপাদন করা হবে এবং প্যানেলের নিচের ভূমিতে মৎস্য চাষের জন্য জলাশয় সুবিধা রাখা হবে। বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা এর মাধ্যমে বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলার কোদালিয়া ইউনিয়নের রাঙামাটিয়া মৌজার ৫০০ (পাঁচশত) একর ভূমিকে প্রকল্প (১ম পর্বের) এলাকা হিসেবে চিহ্নিত করা হয়েছে। ইতোমধ্যে বিদ্যুৎ বিভাগের প্রশাসনিক অনুমোদনক্রমে স্থানীয় ভূমি কার্যালয়ের সহযোগীতায় আরপিসিএল এর নিজস্ব কর্মকর্তা দ্বারা বর্ণিত স্থানটির মৌজা ম্যাপ, জেএল, দাগ, খতিয়ান নম্বর সংগ্রহপূর্বক “মোল্লাহাট ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ প্রকল্প” বাস্তবায়নে বর্ণিত ভূমির অধিগ্রহণ প্রস্তাব জেলা প্রশাসক, বাগেরহাট বরাবর প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, সঠিক সময়ে এ প্রকল্পটি বাস্তবায়নের ওপর মূল বিদ্যুৎ উৎপাদন প্রকল্পটির ( যা ভারতীয় ঋণে LoC-III এর আওতায় বাস্তবায়িত হবে) যথাসময়ে বাস্তবায়ন নির্ভর করবে।

অন্যান্য প্রচলিত বিদ্যুৎ কেন্দ্রের তুলনায় এ ধরনের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্পে জমির পরিমাণ অনেক বেশী প্রয়োজন হয়। এ ক্ষেত্রে ভূমি অধিগ্রহণেও দীর্ঘ সময় প্রয়োজন হয়। প্রকল্পের জন্য নির্বাচিত স্থানটির ভূমি উন্নয়নের জন্য প্রয়োজনীয় মাটি/বালি সংগ্রহ এবং প্রকল্প এলাকাটির যোগাযোগের জন্য ১.৫ কিঃ মিঃ সংযোগ সড়ক এবং ১.৫ কিঃ মিঃ অভ্যন্তরীণ সড়ক নির্মাণ করতে হবে। উল্লেখ্য, প্রকল্প এলাকায় যাতায়াতের নিমিত্ত ১.৫ কিঃমিঃ সংযোগ সড়ক নির্মাণের জন্য LGED কে পত্র দেয়া হয়েছে। LGED উক্ত সড়ক নির্মাণ করবে বলে জানিয়েছে। উল্লেখ্য, পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সমীক্ষার



প্রতিবেদন অনুযায়ী প্রকল্প এলাকার মাটির লোড-বিয়ারিং (Load-Bearing) ক্ষমতা পর্যাপ্ত না থাকায় ভূমি উন্নয়ন ব্যয় তুলনামূলকভাবে বেশী হবে। আরপিসিএল মূল বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন দ্রুততর করার লক্ষ্যে এ প্রকল্পে ভূমি অধিগ্রহণ (৫০০ একর) এবং একইসাথে অন্যান্য সুবিধাসহ অধিগ্রহণতব্য ভূমির ১৫ একর উন্নয়ন করার পরিকল্পনা গ্রহণ করেছে। পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান বাস্তবায়নের অংশ হিসেবে নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি ও ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের লক্ষ্যে মোট ৮৭.৮৩২৫ কোটি (জিওবিঃ ৭৯.৯৭৯০ কোটি ও সংস্থার নিজস্ব অর্থায়নঃ ৭.৮৫৩৫ কোটি) টাকা ব্যয় সর্বনিত জুলাই, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত সময়ে বাস্তবায়নের নিমিত্ত “মোল্লাহাট ১০০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন”-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৩। আলোচনাঃ প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট ও প্রকল্প সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্য উপস্থাপনের পর প্রকল্পটির বিভিন্ন খাতওয়ারী বিষয়ে বিস্তারিত আলোচনা হয় যা নিম্নরূপঃ

৩.১ বিবেচ্য প্রকল্পটির উদ্দেশ্য হলো মূল বিদ্যুৎ উৎপাদন প্রকল্পটি (১০০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ উৎপাদন) বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ, উন্নয়ন ও প্রাথমিক অবকাঠামো নির্মাণ। কিন্তু ডিপিপি'তে বর্ণিত উদ্দেশ্যে উক্ত বিষয়বলী সঠিকভাবে প্রতিফলিত হয়নি। তাই প্রকল্পের উদ্দেশ্য বর্ণিতমতে সংশোধন করা প্রয়োজন। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, পরিকল্পনা কমিশনের মতামতের ভিত্তিতে প্রকল্পটির উদ্দেশ্য সংশোধন করে ডিপিপি পুনর্গঠন করা হবে। সভায় এ বিষয়ে ঐকমত্য হয়।

৩.২ আলোচনাকালে উল্লেখ করা হয় যে, ডিপিপি'র ১৭নং অনুচ্ছেদে আর্থিক এবং অর্থনৈতিক বিশ্লেষণের উভয় ক্ষেত্রেই ‘প্রযোজ্য নয়’ মর্মে উল্লেখ রয়েছে-যা সঠিক নয়। কারণ Non-Revenue Generating প্রকল্পের ক্ষেত্রেও অর্থনৈতিক বিশ্লেষণ করা সম্ভব। এ প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, আলোচ্য প্রকল্পটি মূল প্রকল্প (মোল্লাহাট ১০০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ) এর সহযোগী প্রকল্প। এ প্রকল্পটির মাধ্যমে শুধু ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন বিষয়ক কার্যক্রম সম্পাদন করা হবে বিধায় NPV, BCR ও IRR নির্ণয় করা হয়নি। তবে মূল প্রকল্পের ডিপিপি প্রণয়নের সময় আলোচ্য প্রকল্পের ব্যয় অন্তর্ভুক্ত করে সমগ্র প্রকল্পের ফাইন্যান্সিয়াল ও ইকোনোমিক এনালাইসিস (NPV, BCR ও IRR) করা হবে। ডিপিপি'তে NPV, BCR ও IRR এর ব্যাখ্যার ক্ষেত্রে সকল স্থানে ‘প্রযোজ্য নয়’ লিখা আছে, কিন্তু প্রযোজ্য ক্ষেত্রে এগুলোর ব্যাখ্যা উল্লেখ করা প্রয়োজন। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্পটির অর্থনৈতিক বিশ্লেষণ পুনর্গঠিত ডিপিপি'তে উল্লেখ করা হবে। সভায় এ বিষয়ে ঐকমত্য হয়।

৩.৩ সভায় উল্লেখ করা হয় যে, ডিপিপি'র ৬নং পৃষ্ঠায় ৫.২ মিটার প্রশস্ত ১.৫ কিঃ মিঃ বিটুমিনাস অভ্যন্তরীণ রাস্তা তৈরী এবং ১.৫ কিঃ মিঃ সংযোগ সড়ক নির্মাণের উল্লেখ রয়েছে। অপর দিকে ডিপিপি'র ১ নং পৃষ্ঠায় শুধু ৫.২ মিটার প্রশস্ত ১.৫ কিঃ মিঃ সংযোগ সড়ক নির্মাণের উল্লেখ রয়েছে। দুই জায়গায় দুই ধরনের তথ্য প্রদান সঠিক নয়। এ ক্ষেত্রে যেটি ঠিক সেইভাবে বিষয়টি সংশোধন করতে হবে। অপরদিকে, সংযোগ সড়কটি LGED করবে মর্মে ডিপিপি'তে উল্লেখ আছে। এ প্রসঙ্গে LGED এর সম্মতিপত্র ডিপিপি'তে সন্নিবেশ করা যেতে পারে মর্মে উল্লেখ করা হলে সভাপতি মহোদয় বলেন যে, প্রকল্পের মেয়াদকালে সংযোগ সড়কটির নির্মাণ কাজ সম্পন্ন না হলে মূল প্রকল্পের কাজ বিলম্বিত হবে। তাই সড়ক নির্মাণের নির্ধারিত সময় উল্লেখপূর্বক বিদ্যুৎ বিভাগ থেকে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক এলজিইডি হতে নির্ধারিত সময়ের মধ্যে এ্যাপ্রোচ রোডের কাজ সম্পন্ন করার বিষয়ে প্রতিশ্রুতি/সম্মতি গ্রহণপূর্বক তা বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে, তবেই সড়ককর্তি যথাসময়ে তৈরী হবার বিষয়টি নিশ্চিত হওয়া যাবে। সভায় এ বিষয়ে সকলে একমত হয়। এছাড়াও এ প্রকল্পের পাশাপাশি যথাসময়ে মূল প্রকল্পটির বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে প্রকল্পের PSC ও PIC -তে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.৪ আলোচনাকালে উল্লেখ করা হয় যে, ভূমি উন্নয়নের জন্য LGED এর দর উল্লেখপূর্বক প্রাঙ্গলন তৈরী করা হয়েছে মর্মে ডিপিপি'তে উল্লেখ আছে। এ কাজের জন্য বিদ্যুৎ বিভাগের কোনো রেট সিডিউল আছে কি না- তা আলোচনাকালে সংস্থার প্রতিনিধি বলেন যে, ভূমি উন্নয়ন কাজের জন্য বিদ্যুৎ বিভাগের রেট সিডিউল আছে যা ২০১৩ সালে নির্ধারণ করা হয়েছে। তবে এ প্রকল্পের জন্য নির্বাচিত ভূমি কম লোড বোয়ারিং ক্ষমতা সম্পন্ন হওয়ায় এ প্রকল্পের ভূমির উন্নয়ন কাজের জন্য এলজিইডি'র ২০১৫ সালের রেট সিডিউল ব্যবহার অধিক যৌক্তিক মর্মে এ সিডিউল ব্যবহার করা হয়েছে। সভায় আইএমইডি'র প্রতিনিধি উল্লেখ করেন যে, ডিপিপি'তে সংযুক্ত EIA এর প্রতিবেদন অনুযায়ী আলোচ্য প্রকল্পের জমি লীজ হিসেবে গ্রহণ এবং প্রকল্প সমাপনান্তে জমির মূল মালিকদেরকে জমি ফেরৎ দেয়ার কথা। কিন্তু প্রস্তাবিত ডিপিপিতে জমি অধিগ্রহণের কথা উল্লেখ করা আছে। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, প্রাথমিকভাবে প্রকল্পের জমি লীজগ্রহণের পরিকল্পনা ছিল। পরবর্তীতে তা পরিবর্তনকরতঃ অধিগ্রহণের বিষয়ে সিদ্ধান্ত হয়-যা ইতোমধ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত EIA তে উল্লেখ আছে। উল্লেখ্য, ইতোমধ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ভূমির অবস্থানগত ছাড়পত্র পাওয়া গেছে। বিস্তারিত আলোচনার পর, পুনর্গঠিত ডিপিপি'তে পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত EIA এর প্রতিবেদন সংযুক্ত করার বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়।



৩.৫ সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের প্রস্তাবিত মেয়াদকাল বাস্তবতার নিরিখে জানুয়ারী, ২০১৮ হতে জুন, ২০১৯ পর্যন্ত (মোট সময়কাল ও আর্থিক বছরের সংখ্যা অপরিবর্তিত রেখে) পুনঃনির্ধারণ করা যেতে পারে। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, মোট সময়কাল ও আর্থিক বছরের সংখ্যা অপরিবর্তিত রেখে প্রকল্পের মেয়াদকাল পুনঃনির্ধারণ করে ডিপিপি পুনর্গঠন করা হবে। সভায় এ বিষয়ে একমত হয়।

৩.৬ প্রকল্পের লগ ফ্রেমে বর্ণিত তথ্যাদি বিশেষ করে লক্ষ্য, উদ্দেশ্য ও গুরুত্বপূর্ণ অনুমানসমূহ অধিকতর সুনির্দিষ্টকরণ করা সমীচীন মর্মে আলোচনা হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, উল্লিখিত বিষয়বলী অধিকতর সুনির্দিষ্টকরণ করে ডিপিপি পুনর্গঠন করা হবে। সেই সাথে সভায় ডিপিপি অনুমোদনের পূর্বের কোনো খরচ ডিপিপি থেকে সমন্বয় করা যাবে না মর্মে আলোচনায় বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, ডিপিপি অনুমোদনের পূর্বের কোনো খরচ ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা হবে না।

৩.৭ মূলতঃ ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন কার্যক্রমের লক্ষ্যে গৃহীত ১৮ মাস মেয়াদী প্রকল্পে ৫ জন কর্মকর্তা ও ৯ জন কর্মচারীর জন্য বেতন বাবদ ৭৯.৫৬ লক্ষ টাকা এবং বিভিন্ন ভাতাদি বাবদ ১৩০.৪০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এক্ষেত্রে একজন নির্বাহী প্রকৌশলীর বেতন বাবদ বার্ষিক ১০.৯২ লক্ষ টাকা ও ভাতা বাবদ বার্ষিক ১৫.৬৫ লক্ষ টাকা; একজন সহকারী প্রকৌশলীর বেতন বাবদ বার্ষিক ৬.২৪ লক্ষ টাকা ও ভাতা বাবদ ৮.৪৭ লক্ষ টাকা এবং অনুরূপভাবে অন্যান্য সকল কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে বেতন/ভাতা ধরা আছে। এ ক্ষেত্রে বিশেষ করে অন্যান্য ভাতা খাতে ৩৮.৭৭ লক্ষ টাকাসহ ভাতার পরিমাণ অত্যধিক মর্মে মনে হয়, যা যৌক্তিক পর্যায়ে হ্রাস করা প্রয়োজন। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, এ সকল খাতের ব্যয় যৌক্তিকভাবে হ্রাস করে ডিপিপি পুনর্গঠন করা হবে। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.৮ প্রকল্পে যাতায়াত ভাতা বাবদ ৮.২৮ লক্ষ টাকা, পরিবহন ব্যয় ও যাতায়াত ভাড়া বাবদ ৮.১০ লক্ষ টাকা, মাইক্রোবাস ভাড়া বাবদ ১২.৬০ লক্ষ টাকা এবং যানবাহন ক্রয় (১টি পিক-আপ, ২টি মোটর সাইকেল) বাবদ ৫০.১০ লক্ষ টাকা, যানবাহন রেজিস্ট্রেশন বাবদ ২ লক্ষ টাকা, গ্যাস, জ্বালানী ও লুব্রিকেন্ট বাবদ ৯.১৪ লক্ষ টাকা প্রস্তাব করা হয়েছে। মাত্র ১৮ মাস মেয়াদী প্রকল্পে যাতায়াত ও যানবাহন বাবদ মোট ৮১.০৮ লক্ষ টাকা ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাস করা প্রয়োজন মর্মে উল্লেখ করা হলে ১টি পিক-আপ ক্রয় বাদ দেয়া এবং যাতায়াত ভাতার প্রাক্কলন যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করার বিষয়ে সভায় একমত হয়।

৩.৯ মূলতঃ জমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পটির জন্য পরামর্শক খাতে ১৫০.০০ লক্ষ টাকা রাখার প্রয়োজনীয়তা সম্পর্কে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে, যেহেতু এ প্রকল্পটি মূল প্রকল্পের সহায়ক প্রকল্প তাই এ প্রকল্প হতে পরামর্শক খাতটি বাদ দেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.১০ সভায় শ্রমিক মজুরী বাবদ ৮.১০ লক্ষ টাকা, সম্মানী ভাতা বাবদ ৫.০০ লক্ষ টাকা, আসবাবপত্র বাবদ ৯.০০ লক্ষ টাকা, ইন্টারনেট বিল বাবদ ২.৮ লক্ষ টাকা, কম্পিউটার বাবদ ৬.৫০ লক্ষ টাকা, অফিস স্টেশনারী বাবদ ৫.৪০ লক্ষ টাকা, অন্যান্য খাতে ৭.৬৬ লক্ষ টাকা ইত্যাদি খাতসমূহের ব্যয়ের বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে পুনর্গঠিত ডিপিপি'তে শ্রমিক মজুরী বাবদ প্রস্তাবিত ৮.১০ লক্ষ টাকার পরিবর্তে ৪.০০ লক্ষ টাকা, অন্যান্য খাতে প্রস্তাবিত ৭.০০ লক্ষ টাকার পরিবর্তে ২.০০ লক্ষ টাকার সংস্থান রাখা এবং অন্যান্য খাত হতে যথাসম্ভব ব্যয় হ্রাসের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।


৩.১১ সভায় কার্যক্রম বিভাগের প্রতিনিধি উল্লেখ করেন যে, সোলার প্যানেলের পারফরম্যান্স নির্ভর করে প্যানেলের সোলার রেডিয়েশন গ্রহণের ক্ষমতার উপর। বিদ্যুৎ বিভাগের মাধ্যমে বাস্তবায়নধীন সোলার ট্রীট লাইটিং শীর্ষক প্রকল্পের অভিজ্ঞতার আলোকে প্যানেলগুলোর পরিচ্ছন্নতার পাশাপাশি রক্ষণাবেক্ষণ এর বিষয়টি প্রকল্প গ্রহণের সময়ই অতি গুরুত্বের সাথে বিবেচনায় নেয়া প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি কার্যক্রম বিভাগের প্রতিনিধির পর্যবেক্ষণ সঠিক মর্মে উল্লেখ করে জানান যে, ঐ প্রকল্পটির ডিজাইনগত সমস্যা ছিল। তবে ভবিষ্যতে মূল প্রকল্পটির ডিপিপি প্রণয়নকালে সোলার প্যানেলগুলোর পরিচ্ছন্নতার পাশাপাশি এর যথার্থ রক্ষণাবেক্ষণের বিষয়টি বিবেচনায় নেয়া হবে।

৪। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ৪.১ পুনর্গঠিত ডিপিপি'তে প্রকল্পটির উদ্দেশ্য হিসেবে “মোল্লাহাট ১০০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ, উন্নয়ন ও প্রাথমিক অবকাঠামো উন্নয়ন” উল্লেখ করতে হবে;
- ৪.২ প্রকল্পের আর্থিক (NPV, BCR ও IRR) বিশ্লেষণ সম্পর্কিত তথ্য প্রদান না করার ব্যাখ্যা এবং অর্থনৈতিক বিশ্লেষণের তথ্য পুনর্গঠিত ডিপিপি'র ১৭ নং অনুচ্ছেদে সন্নিবেশ করতে হবে;
- ৪.৩ প্রকল্প এলাকার জন্য নির্মিতব্য ১.৫ কিঃ মিঃ সংযোগ সড়কটি LGED কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে বিদ্যুৎ বিভাগ হতে দুট একটি পত্র স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে এবং এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে LGED এর সম্মতিপত্র গ্রহণপূর্বক তা পুনর্গঠিত ডিপিপি'তে সন্নিবেশ করতে হবে;
- ৪.৪ বিবেচ্য প্রকল্পটির পাশাপাশি মূল প্রকল্পের সমমানুপাতিক বাস্তবায়ন নিশ্চিত করার নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ



- এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে উভয় প্রকল্পের PSC ও PIC -তে অন্তর্ভুক্ত করতে হবে;
- ৪.৫ পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত EIA এর প্রতিবেদন পুনর্গঠিত ডিপিপি'তে সংযুক্ত করতে হবে;
- ৪.৬ প্রকল্পের মোট সময়কাল ও আর্থিক বছরের সংখ্যা অপরিবর্তিত রেখে প্রকল্পের মেয়াদকাল পুনঃনির্ধারণ (জানুয়ারি, ২০১৮ থেকে জুন, ২০১৯ পর্যন্ত) করে ডিপিপি পুনর্গঠন করতে হবে;
- ৪.৭ প্রকল্পের লগ ফ্রেমে বর্ণিত লক্ষ্য, উদ্দেশ্য ও গুরুত্বপূর্ণ অনুমানসমূহ অধিকতর সুনির্দিষ্টভাবে পুনর্গঠিত ডিপিপি'তে উল্লেখ করতে হবে;
- ৪.৮ ডিপিপি অনুমোদনের পূর্বের কোনো ব্যয় ডিপিপি'র কোন খাতে অন্তর্ভুক্ত/সম্বয় করা যাবে না;
- ৪.৯ জনবল খাতের বেতন/ভাতাদি বাবদ প্রাক্কলন যৌক্তিকভাবে হাস করে ডিপিপি পুনর্গঠন করতে হবে;
- ৪.১০ ১৮ মাস মেয়াদী প্রকল্পের জন্য যানবাহন খাতের ব্যয় হাস করার নিমিত্ত প্রস্তাবিত ১টি পিক-আপ ট্রয় এবং এর সাথে সংশ্লিষ্ট ব্যয় বাদ দিতে হবে। সেই সাথে যাতায়াত ভাতার প্রাক্কলন যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করতে হবে;
- ৪.১১ বিবেচ্য প্রকল্পটি মূল প্রকল্পের সহায়ক প্রকল্প বিধায় পরামর্শক খাতে প্রস্তাবিত ১৫০.০০ লক্ষ টাকা পুনর্গঠিত ডিপিপি থেকে বাদ দিতে হবে;
- ৪.১২ ডিপিপি'তে শ্রমিক মজুরী বাবদ প্রস্তাবিত ৮.১০ লক্ষ টাকার পরিবর্তে ৪.০০ লক্ষ টাকা, অন্যান্য খাতে প্রস্তাবিত ৭.০০ লক্ষ টাকার পরিবর্তে ২.০০ লক্ষ টাকার সংস্থান রেখে এবং অন্যান্য প্রযোজ্য খাতের ব্যয় যৌক্তিক পর্যায়ে হাস করে ডিপিপি পুনর্গঠন করতে হবে;
- ৪.১৩ সভার আলোচনা ও উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের (৪.১ থেকে ৪.১২ পর্যন্ত) আলোকে সংশোধন করে পুনর্গঠিত ডিপিপি সভার পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।
- ৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

  
 (সমীমা নাগিস)  
 ভারপ্রাপ্ত সদস্য  
 শিল্প ও শক্তি বিভাগ  
 পরিকল্পনা কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
শিল্প ও শক্তি বিভাগ  
বিদ্যুৎ উইং

বিষয়ঃ ৩০/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত “মোল্লাহাট ১০০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন”-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা।

ক্রমিক নং	নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা	ফোন নম্বর	ই-মেইল	স্বাক্ষর
১.	ডায়েরি সিস্টেমস অফিস প্রচেষ্টা	০১৭১৬২৪১৭৪৭		৩০/১০/১৭
২.	কোমঃ উইংঃ অফিস অফিসার মুদ্রা প্রকরণ	০২৭২২৫২৭২২৫	roc@pd.gov.bd	৩০/১০/১৭
৩.	মেমঃ অফিস অফিসার গণপ্রজাতন্ত্রী সরকার, RPCL	০১৭৪১৬৬০১৭২	md@rpcl.org.bd	৩০/১০/১৭
৪.	মেমঃ (এনসিআই) মুদ্রা ED (ENIG), RPCL	০১৭৪৪৩৭৭১৭৪	engr_sakim@yahoo.com	৩০/১০/১৭
৫.	Md. Ferdows Rahman XEN (D ED), RPCL	০১৭১৪ ২৬১৫৬	ferdawsrpcl@gmail.com	৩০/১০/১৭
৬.	কোমঃ সিস্টেমস অফিসার মন্ত্রণালয় অফিসার IMEO	১১৬৬৬৬ ০	lordmuru@hotmail.com	৩০/১০/১৭
৭.	সিস্টেমস অফিসার অফিসার প্রকরণ, কার্যক্রম বিভাগ স/ক	১১৬০৫৫২	sbn-rls@yaho.com	৩০/১০/১৭
৮.	কোমঃ সিস্টেমস অফিসার উইং-সিস্টেমস, স/ক	১১৬৬৫৫২	roopkumar201@gmail.com	৩০/১০/১৭
৯.	কমিউনিকেশন অফিসার মুদ্রা প্রকরণ	০১৭১১-৫৪২৭১৪		৩০/১০/১৭
	আবু সাদ্দিক মোঃ আমরুল ইসলাম সিনিয়র অফিসার প্রকরণ	১১৬০৬৪৬	kzaman050870@yahoo.com	৩০/১০/১৭